উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৫.০৯ তারিখ : ২২.০৪.২০২৫

নোটিশ

আগামী ২৮.০৪.২০২৫ তারিখ, রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা প্রশাসক এর অফিস কক্ষে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব এস.এম. আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ২৮.০৪.২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৭.০৪.২৫ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২২/০৪/২৫
(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

........................................................
.................................... সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৫.০৯ তারিখঃ ২২.০৪.২০২৫
অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।

২২/০৪/২৫
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

উপজেলা পরিষদ

মেলান্দহ, জামালপুর

## এপ্রিল/২০২৫ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস.এম. আলমগীর
প্রশাসক, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৮/০৪/২০২৫ খ্রি:
সময় : দুপুর ১২.০০ ঘটিকা।
উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, ০১। বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকের লাইসেন্স প্রদান ও নবায়ন না হয়ে থাকলে, সেই সব বেসরকারী হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকে, মোবাইল কোর্ট এর মাধ্যমে প্রতিষ্ঠান সিলগালা করে বন্ধ করার নির্দেশ রহিয়াছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে উপজেলা প্রশাসনের সহায়তায় গত ০৫/০৩/২০২৫খ্রিঃ বেসরকারি ক্লিনিক ও ডায়াগোনস্টিক সেন্টার সরজমিনে পরিদর্শন পূর্বক মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। সহকারী কমিশনার (ভূমি) মহোদয় সরজমিনে তদন্ত পূর্বক বেসরকারি ক্লিনিক নবায়ন আইনের ধারায় সরকার হেলথ কমপ্লেক্স, নিউমর্ডান ডায়াগনস্টিক সেন্টার ও স্বপ্নচূড়া ডায়াগনস্টিক সেন্টার কে ২০০০/- করে জরিমানা করেন এবং পরিচ্ছন্নতাসহ অন্যান্য বিষয়ে সতর্ক করেন ০২। হাসপাতালে ব্লাড ব্যাংক চালু আছে। সরকারী নির্দিষ্ট ফি এর মাধ্যমে অল্প খরচের মধ্যে রক্ত সঞ্চালনের ব্যবস্থা রহিয়াছে ৩। হাসপাতাল চত্বরে বেওয়ারিশ কুকুরের উপদ্রব বেড়ে যাওয়ায় সেবা প্রত্যাশি জনগন এবং কর্মরত স্টাফদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। এ ব্যাপারে প্রশাসক, মেলান্দহ পৌরসভা মহোদয় কে চিঠির মাধ্যমে অবহিত করা হয় ৩। জাতীয় ভিটামিন এ+ ক্যাম্পেইন ১৫ মার্চ ২০২৫ সফলতার সাথে সম্পন্ন হয়েছে। যার লক্ষমাত্রা অর্জন হয়েছে ৩৯৩০২ জন। | আলোচনান্তে, হাসপাতালে ব্লাড ব্যাংক চালু রাখা ও বেওয়ারিশ কুকুর দমনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, এই মাসে এখন পর্যন্ত ১৭৮ টি নরমাল ডেলিভারি হয়েছে, ১৫২ জন নবজাতক কে সেবা দেওয়া হয়েছে। ২৬৯২ জন সাধারণ রোগিকে সেবা দেওয়া হয়েছে। ৭৩০১ জন কিশোর – কিশোরী কে তাদের চাহিদা মতো সেবা দেওয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভবিক রয়েছে। | আলোচনান্তে, সেবা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ১। মাঠ দিবস ০১ (এক) টি কৃষক সংখ্যা ১২০ জন করা হয় ২। সার ও বালাইনাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাইনাশক দোকান পরিদর্শন ৩। ব্যাচ ৪ টি কৃষক সংখ্যা ৬০ জন প্রশিক্ষণ করা হয় ৩। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে ৪। চলমান তাপদাহের কারনে সম্ভাব্য ক্ষতি থেকে উত্তোরণের উপায় হিসেবে বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের করনীয় সিদ্ধান্ত সমূহ কৃষকদের মাঝে পৌছাতে সকল উপ সহকারী কৃষি অফিসারগণ কে মাঠ পর্যায়ে সচেতনতা মূলক কৃষক সমাবেশ আয়োজনসহ সকল কৃষক গ্রুপে আলোচনা করতে ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জরুরি নির্দেশনা দেয়া হয়েছে। | আলোচনান্তে, কৃষকদের মাঝে বিভিন্ন প্রশিক্ষণ ও মাঠ পর্যায়ে সচেতনতা মূলক কৃষক সমাবেশ আয়োজন অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১। ০৮-১৪ এপ্রিল/২০২৫ জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৫ সময়কালের অংশ হিসেবে মেলান্দহ উপজেলায় বিভিন্ন মাছ বাজার মিনিটরিং করা হয় এবং সংশ্লিষ্টজনকে সচেতন করা হয়। ০২। মৎস্য ও পশুখাদ্য আইন-২০১০ এর আওতায় মেলান্দহ উপজেলায় খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠান/দোকান নিয়মিত পরিদর্শন করা হচ্ছে এবং লাইসেন্স নবায়ন কার্যক্রম চলমান রয়েছে ০৩। মাঠ পরিদর্শন ও পৌরসভা এবং বিভিন্ন ইউনিয়ন হতে আগত ২০ জন মৎস্য-চাষিকে পানি পরিক্ষা করে মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে ৪। মেলান্দহ উপজেলায় প্রকৃত মৎস্যজীবীদের তালিকা হালনাগাদ করার নিমিত্ত ইউনিয়ন ভিত্তিক মৃত মৎস্যজীবী/পেশা পরিবর্তনকারীদের তথ্য সংগ্রহ ও হালনাগাদ করা হচ্ছে ৫। প্রাকৃতিকভাবে মৎস্য বিস্তার ও জীববৈচিত্র সংরক্ষণের উদ্দেশ্যে ২০২৪-২০২৫ আর্থিক সালে বিল নার্সারী কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে নার্সারী মজুদ ব্যবস্থাপনার কার্যক্রম চলমান রয়েছে ৬। গ্রামীণ দরিদ্র চাষী, দু:স্থ মহিলা, দরিদ্র বেকার যুবক ও যুব মহিলা এবং মৎস্য জীবীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তাঁদেরকে সম্ভাবনাময় সরকারি বেসরকারি জলাশয়ে উন্নত প্রযুক্তি ভিত্তিক মৎস্যচাষ এবং এতদসম্পর্কিত বিকল্প কার্যক্রম সম্পৃক্ত করনের উদ্দেশ্যে মৎস্য খাতে ক্ষুদ্র ঋণ কর্মসূচি বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে ৭। উপজেলা মৎস্য দপ্তর, মেলান্দহ, জামালপুর এর দাপ্তরিক ওয়েবপোর্টল (www. fisheries.melandah.jamalpur.gov.bd) শতভাগ হালনাগাদ করা হয়েছে। সেবাগ্রহীতাগণ উল্লিখিত ঠিকানায় প্রবেশ করে মৎস্য বিভাগীয় তথ্য জানতে পারবেন | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, এপ্রিল/২৫ খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৮৫০ টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩২০ টি, গবাদি পশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২৭৫৭টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ২৩২৮৪ টি, খামার পরিদর্শন ১৪টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ৯টি, উঠান বৈঠকে অংশ গ্রহণকারীর সংখ্যা ১৫০ জন। চলতি মাসে টিকা বিক্রি, সিমেন সরবরাহ ও খামার রেজিস্টেশন বাবদ রাজস্ব আদায়হ হয়েছে ৯৪৩৯০ টাকা। বর্তমানে ক্ষুরা রোগ ও এলএসডি রোগের কিছু কিছু প্রাদুর্ভাব দেখা যাচ্ছে মাঠ পর্যায়ে। এগুলো প্রতিরোধে খামারীদের সচেতনতা বৃদ্ধি এবং ভ্যাকসিনেশন কার্যক্রম মাঠ পর্যায়ে চলছে। কোথাও এই সব রোগ ব্যাপক ভাবে দেখা গেলে প্রাণি সম্পদ কর্মকর্তাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। প্রাণি সম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিকাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রামসহ নানা ধরনের প্রাণি সম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে। | আলোচনান্তে, রোগাক্রান্ত পশুর চিকিৎসা দিতে খামারিদের প্রশিক্ষণ এবং সেবা প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অপ্রধান শস্য এর জন্য বিতরণকৃত ঋণ হতে আদায় ৪,০০,০০০ টাকা, সঞ্চয় আদায় ৪,০০০ টাকা, পল্লী জীবীকায়ন ঋণ আদায় ৭,০০,০০০, সঞ্চয় জমা ২০,০০০/- । বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ৫ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগ নিয়ে আলোচনা হয়নি। | | |
| ৬ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। ২০২৫ সালের এসএসসি/দাখিল, এসএসসি(ভোক)/দাখিল(ভোক) পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে ০২। মাধ্যমিক পর্যায়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ইএফটি মাধ্যমে বেতন-ভাতাদি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে ০৩। ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীর বিপরীতে ১০০/-(একশত টাকা মাত্র) অবসর ও কল্যাণ তহবিলে মাউশি নির্ধারিত ব্যাংকে হিসাব নম্বরে জমার কাজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে চলমান রয়েছে ০৪। আইএমএস কার্যক্রম চলমান রয়েছে ০৫। পুষ্টি বিষয়ক কার্যক্রম চলমান রয়েছে | চলমান কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য বান্ধব: প্রতিদিন (শুক্রবার, শনিবার ও সরকারি বন্ধের দিন ব্যতীত) প্রতিকেজি ১৫/-(পনের) টাকা দরে জনপ্রতি ৩০ (ত্রিশ) কেজি চাল মেলান্দহ উপজেলার ১১ ইউনিয়নের ৪১ (একচল্লিশ) জন খাদ্যবান্ধব ডিলারের মাধ্যমে প্রতি বিক্রয় দিবসে সকাল ০৯.০০ হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত ভোক্তাদের মাঝে চাল বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। ওএমএস: প্রতিদিন (শুক্রবার, শনিবার ও সরকারি বন্ধের দিন ব্যতীত) প্রতিকেজি ৩০/-(ত্রিশ) টাকা দরে জনপ্রতি ০৫ (পাঁচ) কেজি চাল মেলান্দহ পৌরসভার ০১ (এক) জন ওএমএস ডিলারের মধ্যে সমন্বয়ের মাধ্যমে প্রতি বিক্রয় দিবসে ০১ (এক) মে.টন চাল এবং হাজরাবাড়ী পৌরসভার ০১ (এক) জন ওএমএস ডিলারের মধ্যে সমন্বয়ের মাধ্যমে প্রতি বিক্রয় দিবসে ১.৫০০ (একশত পাঁচ) মে.টন চাল সকাল ০৯.০০ হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত ভোক্তাদের মাঝে বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। বোরো সংগ্রহ: লক্ষমাত্রা ধান-১৪৪০.০০০ মে.টন, চাল (সিদ্ধ) ৮২০৬.০০০ মে.টন। প্রতি কেজি ধান ৩৬ টাকা, চাল (সিদ্ধ) ৪৯ টাকা। সংগ্রহের সময়সীমা (ধান ও সিদ্ধ চাল) ২৪/০৪/২০২৫ খ্রি: হতে ৩১/০৮/২০২৫ খ্রি: পর্যন্ত। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৮ | ইউডিএফ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক পুনর্গঠিত উপজেলা (স্থায়ী) কমিটির সভা নিয়মিতকরন এবং LGD MIS এর আপলোড করা। সকল দপ্তর প্রধান কে উপজেলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী জমা দেওয়ার অনুরোধ করেন। আগামী অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা ও পঞ্চ বার্ষিক পরিকল্পনা করার জন্য সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদ থেকে তথ্য জমা দিয়ে সহযোগিতা করার অনুরোধ করেন। পরবর্তী অর্থ বছরের জন্য ক্লাইমেট চেইঞ্জ এডাপটেশন ও জেন্ডার মেইনস্ট্রিম এর উপর দুইটি অবকাঠামো ও দুইটি করে সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের প্রস্তাবনা দেওয়ার অনুরোধ করেন। | আলোচনান্তে, সকল দপ্তর প্রধান কে উপজেলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি ডিজিএম সভায় জানান যে, বর্তমানে লোডশিডিং নেই, বিভিন্ন সরকারি দপ্তর বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে সভায় সকল দপ্তর প্রধানদের বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করেন। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২০ | বিবিধ | ০১। প্রশাসক, উপজেলা পরিষদ সভায় জানান যে, পরিবর্তিত পরিস্থির-প্রেক্ষাপটে মেলান্দহ উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত জেলা পরিষদের মালিকানাধীন মির্জা আজম আধুনিক অডিটরিয়াম এর নাম পরিবর্তন করার জন্য স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, বিভিন্ন সংগঠন এর জোর দাবি রয়েছে, সে প্রেক্ষিতে উক্ত নাম পরিবর্তনের বিষয়ে প্রশাসক, জেলা পরিষদ বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের দক্ষিণ পার্শ্বে সীমানা প্রাচীর উচু করণ, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের উত্তর পার্শ্বে সীমানা প্রাচীর উচু করণ এবং উপজেলা পরিষদ পশ্চিম পার্শ্বে মসজিদের পিছনে ৭১.০০ মি: সীমানা প্রাচীর নির্মান কাজের প্রাক্কলিত মূল্য ৩০,০০,০০০ (ত্রিশ লক্ষ) টাকা। উক্ত কাজগুলো বাস্তবায়ন করার জন্য ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে বিশেষ বরাদ্দ প্রয়োজন।<br>০৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের ভিতরের মূল ভবনে যাতায়াতের রাস্তা ০২ (দুই) টি ও ভবনের সম্মুখের স্থানটি উন্নয়ন করা প্রয়োজন। যার প্রাক্কলিত মূল্য ৪৯,৩০,০১৬ (উনপঞ্চাশ লক্ষ ত্রিশ হাজার ষোল) টাকা। উক্ত কাজটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল দ্বারা বাস্তবায়নের জন্য অর্থ ব্যয়ের অনুমোদন প্রয়োজন। | ০১। আলোচনান্তে, মির্জা আজম আধুনিক অডিটরিয়াম নাম পরিবতন করার জন্য প্রশাসক, জেলা পরিষদ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। উপজেলা পরিষদের দক্ষিণ পার্শ্বে সীমানা প্রাচীর উচু করণ, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের উত্তরপার্শ্বে সীমানা প্রাচীর উচু করণ এবং উপজেলা পরিষদ পশ্চিমপার্শ্বে মসজিদের পিছনে ৭১.০০ মি: সীমানা প্রাচীর নির্মান কাজের প্রাক্কলিত মূল্য ৩০,০০,০০০ (ত্রিশ লক্ষ) টাকা জন্য ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে বিশেষ বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়ে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। আলোচনান্তে, উপজেলা পরিষদের ভিতরের মূল ভবনে যাতায়াতের রাস্তা ০২ (দুই) টি ও ভবনের সম্মুখের স্থানটি উন্নয়নের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রাক্কলিত মূল্য ৪৯,৩০,০১৬ (উনপঞ্চাশ লক্ষ ত্রিশ হাজার ষোল) টাকা অনুমোদন এর জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়ে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার |

চলমান পাতা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রশাসক
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

স্মারক নং :উপকা.মেলা.২০২৫.৭০

তারিখ : ২৮.০৪.২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। ............................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৬। অফিস কপি।

(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

# এপ্রিল/২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০ unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | ০১৭০২-২৮৬৬২২ | |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01741830383 ufpo.melandah@yahoo.com | 28/04/25 |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়সাল উপজেলা কৃষি অফিসার | | |
| ০৫ | মো: ~~কামরুজ্জামান~~ আশিকুর রহমান উপজেলা মৎস্য কর্মকর্তা | 01781-267788 ufomelanda@gmail.com | |
| ০৬ | ডা: সুকুমার চন্দ্র দাস উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | 01716-531262 ~~ulomelan~~ ulodlsmelandoho@gmail.com | |
| ০৭ | হাবীবুর রহমান সুমন (অ:দা) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | | |
| ০৮ | মো: আরিফুর রহমান উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01679540108 usso.melandah@gmail.com | |
| ০৯ | মোহাম্মদ আলী চকদার উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01712293228 ueomelandah@gmail.com | |
| ১০ | জান্নাতুন নাহার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০২২২৬৯০২২৮৮, Nahar.Jannatun2015@gmail.com | |
| ১১ | মোস্তাফিজুর রহমান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | | |
| ১২ | শুভাশীষ রায় উপজেলা প্রকৌশলী | শুভাশীষ রায় ue.melandah@gmail.com | |
| ১৩ | মো: ইকবাল হোসেন উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01777162258 | |
| ১৪ | মোহাম্মদ আব্দুল মজিদ ভূঁইয়া উপজেলা সমবায় কর্মকর্তা | 01775-606054 | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | | |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | useo.melandah@yahoo.com 01717-189658 | |
| ১৮ | সোহানা বিলকিস উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | |
| ১৯ | মো: রায়হান কবির উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | raihan.ugdp@gmail.com 01719-431435 | 28/4/25 |
| ২০ | মো: খোরশেদ আলম ডিজিএম (পল্লী বিদ্যুৎ), মেলান্দহ | | |

## ~~ফেব্রুয়ারি~~ এপ্রিল/২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রশাসক মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ২. | প্রশাসক হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | | |
| ৩. | মো: বিলাশ সরকার<br>প্যানেল চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | 01618203698 | |
| ৪. | মো: আ: ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ~~৫.~~ | ডা: সুকুমার চন্দ্র দাস<br>~~চেয়ারম্যান~~ ৩নং মাহমুদপুর ইউনিয়ন | 01716-531262<br>(প্রশাসক) | |
| ৬. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | | |
| ৭. | মো: আব্দুল্লাহ আল ফয়সাল<br>উপজেলা কৃষি অফিসার<br>ও<br>প্রশাসক ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | | |
| ৮. | মো: রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | | |
| ৯. | মো: শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১০. | মো: মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | | |
| ১১. | মো: সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | | |
| ১২. | ~~মো: কামরুজ্জামান~~ মো: [illegible]<br>প্রশাসক ~~চেয়ারম্যান~~ ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | 01679540168 | |
| ১৩. | ~~এস.এম সায়েদুর রহমান~~ মো: মোকাদ্দেস আলী<br>প্যানেল চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | 01939087562<br>shympur.up@gmail.com | |